

জিংকসমৃদ্ধ ত্রি ধান-৬৪

নিজস্ব প্রতিবেদক, নরসিংদী >

নরসিংদীর বেলাবতে চলতি বোরো মৌসুমে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের উদ্ভাবিত জিংকসমৃদ্ধ নতুন জাতের ত্রি ধান-৬৪ চাষে সফলতা পাওয়া গেছে। গবেষণাগারে পরীক্ষার পর মার্চ পর্যায়ে দেশে এই প্রথম এ জাতের ধান আবাদ শুরু হয়েছে। ফলন ভালো ও পুষ্টিগুণসমৃদ্ধ হওয়ায় ত্রি ধান-৬৪ চাষে আগ্রহী হয়ে উঠছে কৃষকরা। জানা যায়, জিংক মানবদেহের স্বাভাবিক বৃদ্ধি ও রোগ প্রতিরোধের জন্য অত্যাবশ্যকীয় উপাদান। কিন্তু আমাদের দেশের মানুষের মধ্যে জিংকের তীব্র অভাব রয়েছে। বর্তমানে দেশে ৪৫ ভাগ শিশু এবং ৫৭ ভাগ প্রসূতি ও কুমারী জিংকের ঘাটতিতে ভুগছে।

ভাত হলো আমাদের প্রধান খাদ্য, যা মোট ক্যালরির প্রায় ৭০ ভাগ পূরণ করে। কিন্তু ভাত থেকে প্রাপ্ত পুষ্টি উপাদানের মধ্যে জিংকের যথেষ্ট ঘাটতি রয়েছে। বিষয়টি উপলব্ধি করে বাংলাদেশে ধান গবেষণা ইনস্টিটিউটের গবেষকরা ভাতের মধ্যে প্রয়োজনীয় পুষ্টিমান নিশ্চিত করতে জিংকসমৃদ্ধ ত্রি ধান-৬২ ও ৬৪ জাতটি উদ্ভাবন করেছেন। প্রতি কেজি ত্রি ধান-৬২ চালে ১৯ মিলিগ্রাম ও ত্রি ধান-৬৪ চালে ২৪ মিলিগ্রাম জিংক থাকে, যা একজন মানুষের দৈনিক চাহিদার ৪০ ভাগ পূরণ করতে পারে।



ছবি : কালের কন্ঠ

নরসিংদীর বেলাবতে চলতি বোরো মৌসুমে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের উদ্ভাবিত জিংকসমৃদ্ধ নতুন জাতের ত্রি ধান-৬৪ চাষে সফলতা পাওয়া গেছে। ফলন ভাল ও পুষ্টিগুণসমৃদ্ধ হওয়ায় এ ধান চাষে আগ্রহী হয়ে উঠেছে চাষিরা।